যুগান্তর

তারিখ 24 JAN 20 3
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

### এডুকেশন ইউকে ফেয়ার শুরু

# বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য ব্রিটিশ ভিসা প্রক্রিয়া সহজ করতে শিক্ষামন্ত্রীর আহ্বান

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক যুক্তরাজ্যে অধ্যয়নে আগ্রহী বাংলাদেশী ছাত্রছাত্রীদের ভিসা ও স্কলারশিপ প্রাপ্তির প্রক্রিয়াকে আরও সহজতর করার জন্য ব্রিটিশ হাইকমিশনারসহ ব্রিটিশ কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানিয়েছেন।

গতকাল শেরাটন হোটেলের উইন্টার গার্ডেনে ব্রিটিশ কাউন্সিল আয়োজিত তিন দিনব্যাপী 'এডুকেশন ইউকে ফেয়ার' উদ্বোধনকালে তিনি এই অনুরোধ জানান। তিনি আরও বলেন, আমাদের দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে মাত্র ৯২ হাজার ছাত্রছাত্রীর পড়াশোনার সুযোগ রয়েছে। তিনি বলেন, উচ্চশিক্ষায় আগ্রহী এর অতিরিক্ত ছাত্রছাত্রীদের নির্ভর করতে হয় দেশী-বিদেশী বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর। এদিক থেকে ব্রিটিশ কাউন্সিলের উচ্চশিক্ষায় আগ্রহী ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা গ্রহণের ক্ষেত্রে যথেষ্ট সহায়তা দানের সুযোগ রয়েছে। তিনি বলেন, যুক্তরাজ্যের বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার মান উন্নততর হওয়ায় অনেক ছাত্রছাত্রীই যুক্তরাজ্যে পড়াশোনায় আগ্রহী হয়। তাই যুক্তরাজ্যে অধ্যয়নে আগ্রহী ছাত্রছাত্রীদের ভিসা ও স্কলারশিপ প্রাপ্তির সুবিধাকে আরও সহজতর করলে ছাত্রছাত্রীদের জন্য কল্যাণকর হবে। এ মেলার মাধ্যমে অনেক শিক্ষার্থী মানসম্মত শিক্ষা সম্পর্কে অবহিত হওয়ার সুযোগ পাবে বলে মন্ত্রী আশা প্রকাশ করেন। তিনি বাংলাদেশ সম্পর্কে মার্কিন সরকারের সাম্প্রতিক সিদ্ধান্তের সমালোচনা করে বলেন, এর ফলে অনেক শিক্ষার্থী ও ভ্রমণকারী অনাকাঙ্ক্ষিত সমস্যায় জড়িয়ে পড়েছেন।

ব্রিটেনে পড়ালেখার ক্ষেত্রে যাতে এ ধরনের কোন সমস্যার সৃষ্টি না হয় সে ব্যাপারে তিনি ব্রিটিশ রাষ্ট্রদূতের সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ব্রিটিশ হাইকমিশনার ড. ডেভিড কার্টার এবং ব্রিটিশ কাউন্সিলের ভারপ্রাপ্ত পরিচালক চার্লস নিউটাল বক্তৃতা করেন।

ব্রিটিশ রাষ্ট্রদূত ডেভিড কার্টার বাংলাদেশকে ব্রিটেনের দীর্ঘদিনের বন্ধুপ্রতিম দেশ হিসেবে উল্লেখ করে বলেন, দু'দেশের সংস্কৃতির ভিত্তি সুদৃঢ়। তিনি বলেন, বিশ্বায়নের যুগে ব্রিটেনের উচ্চ শিক্ষিতরা দক্ষতার পরিচয় দিচ্ছে। বিশেষ ব্যবস্থাপনায় সেখানকার শিক্ষা প্রতিষ্ঠানের মান নিয়ন্ত্রণ করা হয়। আর সময় ও অর্থের বিচারেও এসব ডিগ্রি বেশ সাশ্রয়ী।

মেলার উদ্বোধনের পরপরই ব্রিটেনের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে আগ্রহী শত শত শিক্ষার্থী ও অভিভাবক সেখানে ভিড় জমান।